

২০২২

দ্বিতীয় সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-4

[বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ]

পূর্ণমান - ৬৫

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) “এ সখি হামারি দুখের নাহি ওর” — এটি কোন পর্যায়ের পদ? পদটির মর্মার্থ এবং কাব্যসৌন্দর্য বিচার করো। ১+৪+৫

অথবা,

(খ) জীবনানন্দের ‘সুচেতনা’ কবিতাটির নামকরণ কতটা সার্থক হয়ে উঠেছে তা কবিতাটির আলোচনা প্রসঙ্গে বুঝিয়ে দাও। ১০

২। (ক) “‘কপালকুণ্ডলা’ উপন্যাসের ‘মতিবিবি’ বঙ্কিমচন্দ্রের এক অসামান্য সৃষ্টি।” — চরিত্রটি নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১০

অথবা,

(খ) ‘আদাব’ গল্পে “নির্দয় জীবনবিরোধী পরিবেশের মধ্যে দাঁড়িয়ে সমরেশ বসু চরম মানবতার কাহিনি গুনিয়েছেন” — গল্পটি অবলম্বনে এই উক্তির যথার্থতা বিচার করো। ১০

৩। (ক) ‘নীলদর্পণ’ নাটকের সংলাপ রচনায় দীনবন্ধু মিত্রের সাফল্য ও ব্যর্থতা আলোচনা করো। ১০

অথবা,

(খ) “বাজে কথাতেই মানুষ আপনাকে ধরা দেয়।” — রবীন্দ্রনাথের ‘বাজে কথা’ প্রবন্ধটি অনুসরণে এই উক্তির তাৎপর্য নিজের ভাষায় বুঝিয়ে দাও। ১০

৪। (ক) “সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু” পদটির পদকর্তা ও পর্যায় উল্লেখ করে পদটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১+১+৩

অথবা,

(খ) “পর্বত চাহিল হতে বৈশাখের নিরুদ্দেশ মেঘ” — কবি এবং কাব্যগ্রন্থের নাম উল্লেখ করে উদ্ধৃতাংশের ব্যাখ্যা করো। ১+১+৩

Please Turn Over

৫। (ক) “যাহাতে জগদীশ্বরের হাত, তাহা পণ্ডিতে বলিতে পারে না।” — কে, কাকে, কেন এই কথা বলেছে? ১+১+৩

অথবা,

(খ) “পাবলিক অবুঝ, জনতা খামখেয়ালী, জনসাধারণ নিমকহারাম” — উৎস নির্দেশ করে বক্তার এইরূপ মন্তব্যের কারণ নির্দেশ করো। ৫

৬। (ক) “মুই সোনার নক্কি ভেস্য়ে দিতি পারবো না মা রে, মুই কনে যাব রে” — বক্তা কে? ‘সোনার নক্কি’ বলতে কাকে বোঝানো হয়েছে? কোন ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তার এ হেন উক্তি? ১+১+৩

অথবা,

(খ) বইপড়ার বা সাহিত্যচর্চার বা কাব্যসাধনার সুফল কী কী? ৫

৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) “পর-ধন লোভে মত্ত, করিনু ভ্রমণ” — কোন কবিতার অংশ? ‘পর-ধন’ বলতে কী বোঝানো হয়েছে? উদ্ধৃত অংশে কবির মনোভাব ব্যাখ্যা করো।

(খ) লক্ষকর্ণ চিবানোর মাধ্যমে কোন কোন জিনিসের স্বাদ গ্রহণ করেছিল?

(গ) ‘নীলদর্পণ’ নাটকের তোরাপ চরিত্রটির পরিচয় দাও।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

(ক) “কে না বাঁশী বাএ বড়ায়ি” — এখানে ‘বাএ’ শব্দের অর্থ কী?

(খ) “সই কে বা শুনাইল শ্যাম নাম” — পদটির পদকর্তা কে?

(গ) ‘কাণ্ডারী হুঁশিয়ার’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ঘ) “ধ্বংস করে দাও আমাকে ঈশ্বর” — কে নিজেকে ধ্বংস করে দেওয়ার কথা বলেছে?

(ঙ) “আধেকলীন হৃদয়ে দূরগামী” — কোন কবির, কোন কবিতার অংশ?

(চ) নবকুমার কোন মাসে সাগর সঙ্গমে গিয়েছিলেন?

(ছ) “লোকের দেখে সুখ, ফুলের কি?” — বক্তা কে?

(জ) “তোমার মৃত্যুই তাঁহার অভীষ্ট” — কার মৃত্যু কার অভীষ্ট?

(ঝ) অভাগীর স্বামীর নাম কী?

(ঞ) বংশলোচনবাবুর পুত্র ও কন্যার নাম কী?

(ট) “ও মা কি লজ্জা! বড়বাবুকে মুখখান দেখালাম” — কার উক্তি?

(ঠ) “মৃত পতি-পুত্র।” — কার সম্পর্কে কে এই কথা বলেছে?

(ড) সেকালের সভ্যতার সঙ্গে একালের সভ্যতার মূল পার্থক্য কী?

(ঢ) সুন্দর-অসুন্দরকে কীসের সঙ্গে তুলনা করেছেন লেখক?

(ণ) স্কটল্যান্ডে কোন নারী আন্দোলনে এগিয়ে আসেন?